গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
মাঠ প্রশাসন শাখা
www.khulnadiv.gov.bd

# জুন, ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: হেলাল মাহমুদ শরীফ
বিভাগীয় কমিশনার, খুলনা

সভার তারিখ ও সময় : ২৬ জুন, ২০২৩ খ্রি. দুপুর: ১৪.৩০ টা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট ক-সদয় দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা আলোচ্যসূচি অনুসারে তথ্যাদি সভায় উপস্থাপন করেন এবং ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ:** সভায় গত ৩১ মে ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী পঠিত হয়। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত বিষয়সমূহে কোন সংযোজন/সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। | ৩১ মে ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০২. | **মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা:** মাঠ প্রশাসনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ জেলা প্রশাসক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসকগণের উদ্দেশ্যে যে ২৫ দফা দিক্-নির্দেশনা প্রদান করেন তা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দেওয়াসহ তা বাস্তবায়নের জন্য এ কার্যালয় হতে সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করা হয়। | মাননীয় প্রধানমন্ত্রী জেলা প্রশাসক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে যে ২৫ দফা দিক্-নির্দেশনা প্রদান করেন তা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দিতে হবে এবং তা বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৩. | **গণশুনানি:** সভায় করোনা ভাইরাস সংক্রমণ এড়ানোর লক্ষ্যে সামাজিক দূরত্ব বজায় রেখে গণশুনানি কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক সপ্তাহের একটি পূর্ব নির্ধারিত দিনে স্থানীয় জনগণের অভিযোগ শ্রবণ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) আইনানুগ পদ্ধতি অনুসরণে প্রাপ্ত লিখিত অভিযোগ অনুসন্ধান এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) মাঠ পর্যায়ে গণশুনানি কার্যক্রম নিয়মিতভাবে পরিবীক্ষণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৪. | **মাসিক রিপোর্ট/প্রতিবেদন প্রেরণ:** মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের এবং এ কার্যালয়ের চাহিত বিভিন্ন মাসিক রিপোর্ট/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (১) যথাসময়ে রিপোর্ট/প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫. | সভায় এপিএ (APA). এনআইএস (NIS), জিআরএস (GRS) এবং Citizen Charter বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | (১) মাঠ পর্যায়ে সকল স্তরে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে এপিএ (APA), এনআইএস (NIS). জিআরএস (GRS) এবং Citizen Charter বাস্তবায়ন করতে হবে।<br>(২) স্কুল, কলেজে ছাত্র-ছাত্রীদের সাথে সততা ও নৈতিকতা বিষয়ে আলোচনা করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৬. | **ঈদ-উল-আযহা পরবর্তী সময়ে ট্যানারি-ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা:**<br>ঈদ-উল-আযহা পরবর্তী সময়ে স্থানীয়ভাবে চামড়া সংরক্ষণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। জাতীয় স্বার্থ বিবেচনায় রেখে কোরবানি দাতাগণকে স্ব-উদ্যোগে লবণ মিশিয়ে কয়েকদিন চামড়া সংরক্ষণে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। | (১) পশু কোরবানির পরবর্তী সময়ে স্থানীয়ভাবে লবণ দিয়ে চামড়া সংরক্ষণের জন্য ব্যাপক প্রচার করতে হবে।<br>(২) প্রতিটি কোরবানি পশুর হাটে চামড়া সংরক্ষণের জন্য লবণ বিক্রির ব্যবস্থা রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৭. | **মাঠ প্রশাসনের কর্মকর্তাদের পোশাক ও মিডিয়া ম্যানেজমেন্ট সম্পর্কিত আলোচনা:**<br>সভায় মাঠ প্রশাসনের কর্মকর্তাদের পোশাক ও মিডিয়া ম্যানেজমেন্ট-এর ওপর গুরুত্বারোপ করা হয়। ফরমাল কোন অনুষ্ঠান এবং মিডিয়ায় কথা বলার সময়সহ আনুষ্ঠানিক পোশাক এবং জনসম্মুখে চলাফেরার সময় মানানসই পোশাক পরিধানের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) মাঠ প্রশাসনের কর্মকর্তাগণ যথাযথ পোশাক পরিধান করে মিডিয়ায় কথা বলা এবং ফরমাল অনুষ্ঠানে অংশগ্রহণ করাসহ জনসম্মুখে চলাফেরার সময় মানানসই পোশাক পরিধানের বিষয়টির ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৮. | **জেলা পর্যায়ে সকল মাসিক রিপোর্ট Report Management System-এ নিয়মিত আপলোড এবং নতুন ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনা:**<br>জেলা পর্যায়ে সকল মাসিক রিপোর্ট Report Management System (report.gov.bd)-তে প্রেরণ এবং জেলা পর্যায়ের সকল অফিসের তথ্য বাতায়ন হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। জেলা পর্যায়ের সকল রিপোর্ট এ কার্যালয়ে Report Management System (report.gov.bd)-তে প্রতিমাসের ০৪ তারিখের মধ্যে প্রেরণ করার নির্দেশনা থাকলেও যথাসময়ে অনেক জেলা হতে পাওয়া যাচ্ছে না। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগে মাঠ প্রশাসনের সকল মাসিক রিপোর্ট Report Management System (report.gov.bd)-তে প্রতিমাসের ০৪ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৯. | **দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং বাজার মনিটরিং:**<br>নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির পর্যাপ্ত সরবরাহ, মূল্য স্থিতিশীল এবং বিক্রয় নিশ্চিতকরণে বাজার মনিটরিং জোরদার করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে বাজার মনিটরিং করা, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে। অসাধু ব্যবসায়ীগণ যাতে কৃত্রিম সংকট সৃষ্টির মাধ্যমে বাজার অস্থিতিশীল করতে না পারে সেদিকে বিশেষভাবে মনিটর করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করার জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।<br>বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে টিসিবি এর মাধ্যমে নিত্যপণ্য বিতরণের বিষয়ে আলোচনা করা হয়। | (১) জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে মনিটরিং, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে।<br>(২) ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে অবৈধভাবে ধান/চাল/নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি মজুদদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রকৃত উপকারভোগীদের নিকট ন্যায্যমূল্যে টিসিবি'র মাধ্যমে পণ্য বিতরণ মনিটরিং করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০. | **বিদেশে সবজি রপ্তানি সংক্রান্ত আলোচনা:** সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সবজিসহ বিভিন্ন প্রকার ফলমূল ও দেশীয় উৎপাদিত কৃষিপণ্য বিদেশে রপ্তানির উদ্যোগ গ্রহণপূর্বক এ সংক্রান্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) বিভিন্ন জেলা এবং উপজেলায় উৎপাদিত ফল এবং শাকসবজি বিদেশে রপ্তানি করার উদ্যোগ গ্রহণপূর্বক এ সংক্রান্ত তথ্য প্রেরণ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১১. | **আসন্ন ঈদ-উল-আযহা নির্বিঘ্নে উদযাপনের লক্ষ্যে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত আলোচনা:** আসন্ন ঈদ-উল-আযহা নির্বিঘ্নে উদযাপন এবং ঈদে বাড়িতে যাওয়া এবং কর্মস্থলে ফিরে আসা বিষয়ে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষায় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) আসন্ন ঈদ-উল-আযহা নির্বিঘ্নে উদযাপন এবং ঈদে বাড়িতে যাওয়া এবং কর্মস্থলে ফিরে আসা বিষয়ে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষায় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১২. | **খাদ্য মজুদ পরিস্থিতি সংক্রান্ত আলোচনা:** সভায় খাদ্য মজুদ পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়। বর্তমানে নিম্ন আয়ের মানুষের জন্য ওএমএস কার্যক্রম ও খাদ্যবান্ধব কর্মসূচি চলমান আছে মর্মে জেলা প্রশাসকগণকে জানানো হয়। | (১) ওএমএস কার্যক্রম ও খাদ্যবান্ধব কর্মসূচি মনিটরিং করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১৩. | **ই-সার্ভিস সিস্টেমের সর্বোত্তম ব্যবহার:** সভায় ই-নথির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে গুরুত্বারোপ করা হয়। | (১) ই-নথির কার্যক্রম এর আওতায় জেলা ও উপজেলা কার্যালয়ে নথি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১৪. | **কোভিড-১৯ পরিস্থিতি, মাস্ক পরিধান ও বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম পর্যালোচনা:** সভায় কোভিড-১৯ পরিস্থিতি ও বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রতিপালন নিশ্চিতকরণসহ জনগণকে উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও কোভিড-১৯ সংক্রমণ রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যে ০৬ (ছয়)টি নির্দেশনা সম্বলিত পরিপত্র দেওয়া হয়েছে সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) কোভিড-১৯ সংক্রমণ রোধে সরকারি নির্দেশনা অনুযায়ী মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদার করতে হবে।<br>(২) কোভিড-১৯ টিকা প্রদানের জন্য সকলকে বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত করতে হবে।<br>(৩) কোভিড-১৯ সংক্রমণ রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যে ০৬ (ছয়)টি নির্দেশনা সম্বলিত পরিপত্র দেওয়া হয়েছে তা অব্যাহত রাখতে হবে।<br>(৪) জেলা তথ্য অফিসের মাধ্যমে ব্যাপক প্রচার ও জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৫) মসজিদের ইমামগণ নামাজের পূর্বে/পরে করোনা ভাইরাস প্রতিরোধে সরকারি নির্দেশনা প্রচারের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

অত:পর সভা শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: হেলাল মাহমুদ শরীফ
বিভাগীয় কমিশনার
খুলনা
ফোন: ০২৪৭৭৭০৩০৩৫(অফিস)
divcomkhulna@mopa.gov.bd

নং-০৫.৪৪.০০০০.০০৬.৫২.০০৩.২২- ৬৬৫ (২৩) তারিখ : ০৫ /০৭/২০২৩ খ্রি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

০৫। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন), খুলনা।

০৬। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

০৭। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর।

০৮। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এপিএ সেল শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

১০। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা। (তাঁকে সভার কার্যবিবরণী সমন্বয় সভায় প্রদর্শন এবং ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১১। প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

১২। অফিস কপি।

০৫.০৭.২৩

(মাহেরা নাজনীন)
সিনিয়র সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
খুলনা
ফোন: ০২৪৭৭৭০১০৪৩ (অফিস)

৫

## ২৬ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্র.নং | সদস্যদের পদবি | প্রতিনিধি হলে উপস্থিত প্রতিনিধির নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা | | |
| ০২ | জেলা প্রশাসক, খুলনা | | |
| ০৩ | জেলা প্রশাসক, বাগেরহাট | | |
| ০৪ | জেলা প্রশাসক, সাতক্ষীরা | | |
| ০৫ | জেলা প্রশাসক, যশোর | | |
| ০৬ | জেলা প্রশাসক, ঝিনাইদহ | | |
| ০৭ | জেলা প্রশাসক, মাগুরা | | |
| ০৮ | জেলা প্রশাসক, নড়াইল | | |
| ০৯ | জেলা প্রশাসক, কুষ্টিয়া | | |
| ১০ | জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা | | |
| ১১ | জেলা প্রশাসক, মেহেরপুর | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |